গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
জুড়ী, মৌলভীবাজার
www.juri.moulvibazar.gov.bd

## ১৪২৫ বাংলা সনের জন্য হাট বাজার ইজারার দরপত্র বিজ্ঞপ্তি

দরপত্র বিজ্ঞপ্তি নং-০১/২০১৭-১৮

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, স্থানীয় সরকার বিভাগের ২১/০৯/২০১১ খ্রিঃ তারিখের স্মারক নং-৪৬.০৪১.০৩০.০২.০০.০০২.২০১১/৮৭০ মূলে সরকারী হাট-বাজার ইজারা সম্পর্কিত নীতিমালা, ২০১১ এবং স্থানীয় সরকার, পলস্নী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, প্রশাসন-২ শাখার স্মারক নং-৪৬.০৪১.০৩০.১৯.০০.০১৯.২০১০ (অংশ-১)৮৮ তারিখ-০১ মার্চ ২০১৬ খ্রিষ্টাব্দ এর আলোকে জুড়ী উপজেলার নিমণবর্ণিত হাটবাজার সমূহ ১৪২৫ বাংলা সনের (১ লা বৈশাখ হতে ৩০ শে চৈত্র পর্যমত্ম ) জন্য ইজারা প্রদান করা হবে। ইজারা গ্রহণে আগ্রহী ব্যক্তিবর্গের নিকট হতে নির্ধারিত ফরমে বদ্ধখামে দরপত্র আহবান করা যাচ্ছে। বিসত্মারিত তথ্য অফিস চলাকালীন সময়ে নিমণস্বাক্ষরকারীর কার্যালয় হতে জানা যাবে। দরপত্র সিডিউল অফিস চলাকালে সংশিস্নষ্ট অফিসসমূহ থেকে নির্ধারিত মূল্য(অফেরতযোগ্য) দিয়ে সংগ্রহ করা যাবে। উলিস্নখিত নির্ধারিত তারিখে অইজারাকৃত হাট-বাজারসমূহ পরবর্তী তারিখে ক্রমান্বয়ে ইজারা দেওয়া হবে।

| পর্যায় ক্রম | দরপত্র ফরম বিক্রির শেষ তারিখ ও সময় | দরপত্র দাখিলের তারিখ ও সময় | দরপত্র বাক্স খোলার তারিখ ও সময় | মমত্মব্য | দরপত্র ফরম প্রাপ্তির স্থান | দরপত্র ফরম দাখিলের স্থান |
|---|---|---|---|---|---|---|
| | বিকাল ৫.০০ ঘটিকা পর্যন্ত | বেলা ১.০০ ঘটিকা পর্যন্ত | বেলা ৩.০০ ঘটিকা | | ১. জেলা প্রশাসকের কার্যালয়, মৌলভীবাজার।<br>২. উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, জুড়ী।<br>৩. উপজেলা ভূমি অফিস, জুড়ী।<br>৪. সোনালী ব্যাংক,জুড়ী শাখা।<br>৫. জুড়ী থানা। | ১. জেলা প্রশাসকের কার্যালয়, মৌলভীবাজার।<br>২. পুলিশ সুপারের কার্যালয়,মৌলভীবাজার।<br>৩. উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, জুড়ী।<br>৪.উপজেলা ভূমি অফিস জুড়ী। |
| ১ম | ১৮.০২.১৮ | ১৯.০২.১৮ | ১৯.০২.১৮ | | | |
| ২য় | ২৭.০২.১৮ | ২৮.০২.১৮ | ২৮.০২.১৮ | ১ম পর্যায়ে অইজারাকৃত | | |
| ৩য় | ১১.০৩.১৮ | ১২.০৩.১৮ | ১২.০৩.১৮ | ২য় পর্যায়ে অইজারাকৃত | | |
| ৪র্থ | ২০.০৩.১৮ | ২১.০৩.১৮ | ২১.০৩.১৮ | ৩র্থ পর্যায়ে অইজারাকৃত হাটবাজারের ক্ষেত্রে | | |
| ৫ম | ২৮.০৩.১৮ | ২৯.০৩.১৮ | ২৯.০৩.১৮ | ৪ম পর্যায়ে অইজারাকৃত হাটবাজারের ক্ষেত্রে | | |
| ৬ষ্ট | ০৮.০৪.১৮ | ০৯.০৪.১৮ | ০৯.০৪.১৮ | ৫ম পর্যায়ে অইজারাকৃত হাটবাজারের ক্ষেত্রে | | |
| ৭ম | ১৭.০৪.১৮ | ১৮.০৪.১৮ | ১৮.০৪.১৮ | ৬ষ্ঠ পর্যায়ে অইজারাকৃত হাটবাজারের ক্ষেত্রে | | |
| ৮ম | ২৫.০৪.১৮ | ২৬.০৪.১৮ | ২৬.০৪.১৮ | ৭ম পর্যায়ে অইজারাকৃত হাটবাজারের ক্ষেত্রে | | |

১৪২৫ বাংলা সনে ইজারাযোগ্য হাট-বাজারের তালিকা ঃ-

| ক্রঃনং | হাট-বাজারের নাম | ইউনিয়নের নাম | সরকারী ইজারা মূল্য ১০% বৃদ্ধিসহ | সিডিউল মূল্য |
|---|---|---|---|---|
| ০১ | কামিনীগঞ্জ বাজার | জায়ফরনগর | ৪২,৪৯,৬৬৬/- | ৯২০০/- |
| ০২ | ফুলতলা বাজার | ফুলতলা | ১১,৫৭,৩৭৫/ | ৩০০০/- |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৩ | গোয়ালবাড়ী বাজার | গোয়ালবাড়ী | ৫,১৮৪/ | ৫০০/- |
| ০৪ | ভৈরবগঞ্জ বাজার | জায়ফরনগর | ৬,৯২৮/- | ৫০০/- |
| ০৫ | শাহগঞ্জ বাজার | জায়ফরনগর | ২,৮৪১/ | ৫০০/- |

ইজারা প্রদানের শর্তাবলীঃ-

০১. বাংলা ১৪২৫ সনের ১লা বৈশাখ হতে ১৪২৫ বাংলা সনের ৩০ শে চৈত্র ০১(এক) বৎসর মেয়াদ কালের জন্য হাটবাজার ইজারা দেওয়া হবে।

০২. দরপত্রদাতাকে দরপত্রের সাথে দরপত্রে উলিস্নখিত দরের ৩০%(শতকরা ৩০ ভাগ) অর্থ জামানত হিসেবে যে কোন তফসিলী ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার, জুড়ী এর অনুকুলে জমা দিতে হবে। অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। উক্ত টাকা হতে ২৫% অর্থ ইজারামূল্যের সাথে সমন্বয় করা হবে এবং বাকী ৫% অর্থ জামানত হিসেবে সংরক্ষিত থাকবে। ইজারা গ্রহীতা নিয়মিত হাটবাজার নিজ খরচে পরিস্কার না করলে অন্য কোন ক্ষতিসাধন করলে উক্ত জামানত হতে তা মিটানো হবে। বৎসর সমাপনামেন্ত  অব্যবহৃত টাকা জমাকারীর বরাবর প্রত্যার্পণ করা হবে।



০৩. যার দরপত্র গৃহীত হবে,দরপত্র সংবাদ অবহিত হওয়ার ০৭(সাত) কার্যদিবসের মধ্যে দরপত্রে উলিস্নখিত দরের অবশিষ্ট ৭৫% (শতকরা ৭৫ ভাগ) অর্থ মোট দাখিলকৃত দরের উপর অতিরিক্ত ৫% আয়কর এবং ১৫% ভ্যাট অবশ্যই একই সঙ্গে পরিশোধ করতে হবে, অন্যথায় বাজারের জন্য জমাকৃত জামানত বাজেয়াপ্তপূর্বক পুণরায় ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে।

০৪. প্রাপ্ত দরপত্রের সর্বোচ্চ দর গ্রহণ করা হবে এবং উক্ত অংক যদি সংশিস্নষ্ট হাট-বাজারের সরকারি মূল্যের কম হয়, তাহলে পুনরায় দরপত্র আহবান করা হবে।

০৫. এক হাটবাজারের জন্য ক্রয়কৃত দরপত্র আরেক হাটবাজারের জন্য দরপত্র হিসেবে ব্যবহার করা যাবে না। দরপত্র গ্রহণের দিন কোন দরপত্র সিডিউল বিক্রয় করা হবে না। এক দফার জন্য বিক্রয়কৃত দরপত্র অন্য দফায় আহবানকৃত হাটবাজারের দরপত্র হিসেবে ব্যবহার করা যাবে না।

০৬. খামের উপর দরপত্রদাতার নাম, ঠিকানা ও বাজারের নাম স্পষ্টভাবে উলেস্নখ করতে হবে।

০৭. সরকার অনুমোদিত টোল আদায়ের হার মোতাবেক টোল আদায় করতে হবে। বিনা রশিদে টোল আদায় করা যাবে না। ইজারাদার নিজ খরচে বাজারের দৃশ্যমান একাধিক স্থানে টোল চার্ট প্রদর্শনের ব্যবস্থা করবেন।

০৮. প্রত্যেক বাজারের জন্য পৃথক পৃথক সীলমোহরকৃত খামে দরপত্র দাখিল করতে হবে। দরপত্রদাতাকে দরপত্রের প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করতে হবে।

০৯.ইজারাদার কোনক্রমেই হাটবাজার অন্যের নিকট সাব-লীজ দিতে পারবেন না।

১০.ইজারার সমসত্ম অর্থ (ভ্যাট, আয়করসহ ) পরিশোধের ০৩(তিন) কার্যদিবসের মধ্যে ৩০০/-(তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে  ইজারাদার কর্তৃক ইজারা চুক্তি সম্পাদন করতে হবে।

১১. দুই বা ততোধিক দরপত্র দাতাদের দর সর্বোচ্চ বা একই হলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১২.ইজারাদার নিজ খরচে হাট-বাজার পরিস্কার-পরিচ্ছন্ন রাখবেন।

১৩. ইজারাদার নিজ খরচে একটি পরিদর্শন রেজিস্টার সংরক্ষণ করবেন।

১৪.কোন প্রকার ঘষা-মাজা, কাটাকাটি, লেখার উপর লেখা দরপত্র গ্রহণযোগ্য হবে না।

১৫.নির্ধারিত কর্তৃপক্ষ কর্তৃক হাট-বাজার ইজারা অনুমোদিত না হলে ইজারা বাতিল বলিয়া গণ্য হবে এবং দখলকৃত সময়ে হারাহারিভাবে ইজারার অর্থ কর্তনপূর্বক বাকী অর্থ ইজারাদারকে প্রদান করা হবে।

১৬.হাট-বাজারের ইজারার টাকা সরকারি দাবী আদায় আইন অনুযায়ী সার্টিফিকেট মামলার মাধ্যমে আদায় করা যাবে।

১৭. চুক্তিপত্রের যে কোন শর্ত লংঘন করা হলে ইজারা বাতিল করা যাবে ।

১৮.কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

স্বাক্ষরিত

(অসীম চন্দ্র বনিক)
উপজেলা নির্বাহী অফিসার
জুড়ী, মৌলভীবাজার
unojuri@mopa.gov.bd